ভূরাজনৈতিক বিরোধ জাতিসংঘকে যেন দুর্বল না করে

ভূরাজনৈতিক বিরোধ যেন জাতিসংঘকে দুর্বল না করে সেদিকে সজাগ থাকতে বিশ্ব নেতৃবৃন্দকে আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জাতিসংঘকে একটি কার্যকর বিশ্ব সংস্থা হিসেবে দেখার আশাবাদ ব্যক্ত করেছেন তিনি।

জাতিসংঘের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মঙ্গলবার বাংলাদেশ সময় ভোর রাতে নিউইয়র্কে এ বিশ্ব সংস্থার সদরদফতরে একটি উচ্চপর্যায়ের ভার্চুয়াল সভায় দেয়া বক্তব্যে এ কথা বলেন প্রধানমন্ত্রী।

তিনি বলেন, প্রতিশ্রুতির বাস্তবায়ন, দৃঢ়ভাবে বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলা এবং জাতিসংঘকে সঠিক পথে নিতে বিশ্বাসযোগ্য ও বাস্তবসম্মত একটি রূপরেখা প্রণয়ন করতে সদস্য দেশগুলোর প্রতি আহ্বান জানাই।

তিনি বলেন, উন্নত ও উন্নয়নশীল বিশ্ব– সবার কাছেই জাতিসংঘের প্রয়োজনীয়তা যে এখন অন্য যে কোনো সময়ের চেয়ে বেশি, করোনাভাইরাস মহামারী তা দেখিয়ে দিয়েছে।

বিশ্ব মানবতার কল্যাণে জাতিসংঘের কর্মকাণ্ডকে আরও গতিশীল করার প্রত্যাশা ব্যক্ত করেন প্রধানমন্ত্রী। বলেন, ২০৩০ উন্নয়ন লক্ষ্য অর্জনকে আরও চ্যালেঞ্জিং করেছে কোভিড-১৯। এটা বর্তমানে আন্তর্জাতিক ব্যবস্থার ঘাটতিকে ফুটিয়ে তুলেছে।

একই সঙ্গে এই মহামারী দেখিয়েছে যে, উন্নত ও উন্নয়নশীল উভয় দেশসমূহের জন্যই অতীতের যে কোনো সময়ের চেয়ে জাতিসংঘকে বেশি প্রয়োজন। এটি দেখিয়েছে, বহুপক্ষীয় প্রচেষ্টাই সামনে এগিয়ে যাওয়ার উপায়।

আর সে কারণেই ভূরাজনৈতিক বৈরিতা থেকে জাতিসংঘকে দুর্বল করার চেষ্টা মেনে না নেয়ার আহ্বান জানান তিনি।

জাতিসংঘের প্রতিষ্ঠাতাবৃন্দ এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য এই সংস্থাকে সার্বিকভাবে মানবকল্যাণের জন্য সত্যিকারের কার্যকর একটি সংস্থা হিসেবে গড়ে তোলার দায়িত্বের কথা সবাইকে স্মরণ করিয়ে দেন

তিনি।

শেখ হাসিনা বলেন, জাতিসংঘের ৭৫তম বার্ষিকী এবং বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মিলে যাওয়ায় এই উদযাপন বাংলাদেশের জন্য বিশেষ গুরুত্ব বহন করে।

প্রধানমন্ত্রী জাতিসংঘের গুরুত্ব বোঝাতে ১৯৭৪ সালের ২৪ সেপ্টেম্বর জাতিসংঘ সাধারণ অধিবেশনে বঙ্গবন্ধুর দেয়া বক্তব্য উদ্ধৃত করেন: ‘…জাতিসংঘ ভাবীকালের দিকে মানুষের আশা-আকাঙ্ক্ষাকে সমুজ্জ্বল রাখিয়াছে।’

জাতিসংঘের কাছে বাংলাদেশের অনেক ঋণের কথা উল্লেখ করে সরকারপ্রধান বলেন, আমাদের উন্নয়নের জন্য জাতিসংঘ নেতৃত্বাধীন প্রচেষ্টাগুলো থেকে আমরা উপকৃত হয়েছি। আমাদের দিক থেকেও জাতিসংঘকে তার ম্যান্ডেট পূরণে আমরা ভূমিকা রাখছি।

বিশ্বে শান্তি বজায় রাখার পক্ষে বাংলাদেশের অবস্থান পুনর্ব্যক্ত করেন শেখ হাসিনা। বর্তমানে জাতিসংঘের সব শান্তি রক্ষা মিশনে বাংলাদেশের সবচেয়ে বেশি সৈন্য ও পুলিশ সদস্য থাকার কথা উল্লেখ করেন তিনি।

সংঘাতপ্রবণ দেশগুলোতে শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠায় বাংলাদেশের ১৫০ শান্তিরক্ষীর জীবন উৎসর্গের কথাও উল্লেখ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বাংলাদেশের প্রধানমন্ত্রী বলেন, প্রতিষ্ঠার শতবর্ষ ও এর পরবর্তী সময়ের জন্য জাতিসংঘকে সঠিক পথে রাখতে ইউএন ৭৫-এর একটি গ্রহণযোগ্য ও বাস্তবসম্মত রূপরেখা দেয়া উচিত, যাতে প্রতিশ্রুতি পূরণ এবং দৃঢ়ভাবে বৈশ্বিক চ্যালেঞ্জগুলো মোকাবেলা করা যায়।

মেহেরপুরের পাঁচ তরুণের

কেওক্রাডং জয়

রাশিদুল ইসলাম রনি, উজ্জল খান, সুমন রেজা, এনামুল হক ও মুহাইমিনুল ইসলাম মিলন। এই চার তরুণ বাংলাদেশের ২য় সর্বোচ্চ কেওক্রাডং জয় করেছেন। ৩২৩৫ ফুট উচু এ পর্বত জয় করে তারা তার সর্বোচ্চ চুড়ায় বাংলাদেশ পতাকা উড়িয়েছে।

গত রবিবার তারা এই পাঁচ তরুণ পর্বত জয় করেন। এর আগে তারা কেওক্রাডং এর উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করেন বৃহস্পতিবার। কেওক্রাডং জয়ের আগে তারা বান্দরবানের বিভিন্ন পর্যটন কেন্দ্রগুলো পরিদর্শন করেন । আজ তাদের মেহেরপুর ফেরার কথা রয়েছে।

মেহেরপুরের দরবেশপুরে জোড়া খুন মামলায় আরো এক আসামীর আত্মসমর্পণ

মেহেরপুর সদর উপজেলার দরবেশপুর গ্রামের জোড়া খুনের মামলায় মুক্তি খাতুন নামের এক মহিলা আদালতে আত্মসমর্পণ করেছেন।

সোমবার দুপুরের দিকে মুক্তি খাতুন মেহেরপুর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে আত্মসমর্পণ করলে বিচারক মোহাম্মদ শাহিন রেজা তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। মুক্তি খাতুন নতুন দরবেশপুর গ্রামের ওয়াজ কুরুনীর স্ত্রী। এনিয়ে দরবেশপুর গ্রামের জোড়া খুন মামলায় মোট ১১ জনকে কারাগারে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, ২০১৯ সালের ১২ সেপ্টেম্বর রাতে মেহেরপুর সদর উপজেলার নতুন দরবেশপুর গ্রামে রোকনুজ্জামান ও হাসানুজ্জামান নামের দুই ব্যক্তি কে নির্মমভাবে হত্যা করা হয়।
ওই ঘটনায় মামলা দায়েরের পর তদন্তকারী কর্মকর্তা মেহেরপুর সদর থানার এসআই আহসান হাবীব এর আগে মোট ১০ জন আসামিকে আটক করেছেন।

আটক ব্যক্তিদের মধ্যে একাধিক ব্যক্তি আদালত স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন।

মেহেরপুরে শুভ সংঘের আলোচনা সভা, কমিটি অভিষেক

করোনাকালে স্বাস্থ্য সুরক্ষায় সচেতনতা মূলক পথ র্যালী কর্মসূচী পালন করার লক্ষে কালের কণ্ঠ-শুভ মেহেরপুর জেলা শাখার আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সোমবার বিকালে মেহেরপুরের ছহিউদ্দিন ডিগ্রি কলেজ ক্যাম্পাস চত্বরে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন শুভ সংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি ও ছহিউদ্দিন ডিগ্রি কলেজের অধ্যক্ষ একরামুল আযীম ।

জেলা শাখার সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগের সঞ্চালনায় বক্তব্য দেন কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, কমিটির উপদেষ্টা সাংবাদিক মাহাবুব চান্দু, সহকারি অধ্যাপক লুতফর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক শাওন আহমেদ, যুগ্ম সাংগঠনিক সম্পাদক সাব্বির আহমেদ, সাহিত্য বিষয়ক সম্পাদক সোহেল রানা, প্রচার ও প্রকাশনা সম্পাদক ওমর ফারুক বাপ্পী, বিজ্ঞান বিষয়ক সম্পাদক হাসানুজ্জামান, সদস্য মাহফুজ আলম ইমন প্রমুখ।

সভায় আগামি ১৫ দিনের মধ্যে বিশ্বব্যাপী করোনা মহামারী থেকে নতুন করে সচেতনতা করতে সামাজিক দূরত্ব বজায় রেখে পথ র্যালী করার সিদ্ধান্ত নেওয়া হয়।

এর আগে জেলা কমিটির অভিষেক অনুষ্ঠিত হয়। কমিটিতে সভাপতি অধ্যক্ষ একরামুল আযীম সভাপতি, সহসভাপতি লুতফর রহমান, রফিকুল ইসলাম, আব্দুর রকিব, আব্দুল্লাহ আল মাসুদ, সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, যুগ্ম সাধারণ সম্পাদক শাওন আহমেদ, সাংগঠনিক সম্পাদক নাসিমুল জুনায়েদ, সহ সাংগঠনিক সম্পাদক সাব্বির আহমেদ মুন্না, কোষাধাক্ষ আফসানা বিশ্বাস তিথি, দপ্তর সম্পাদক আসিফ ইকবাল শুভ, মহিলা বিষয়ক সম্পাদক শাহিনা ইসলাম ইভা, সাহিত্য সম্পাদক সোহেল

রানা, প্রচার ও প্রকাশনা সম্পাদক ওমর ফারুক বাপ্পি, বিজ্ঞান সম্পাদক হাসানুজ্জামান, সদস্য আল মাসুম শেখ, মাহফুজ আলম ইমন, সাজিদুর রহমান, সালেহীন শাহেদ, ওবাইদুল্লাহ, ফয়সাল আহমেদ, সুজন শাহ, আদনান কাদির পিয়াল। এছাড়া প্রধান উপদেষ্টা কালের কষ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, উপদেষ্টা পদে সাংবাদিক মাহাবুব চান্দু, সাংস্কৃতিক কর্মী মাহবুবুল হক মন্টু, শামীম জাহাঙ্গীর সেন্টু কে রাখাকে হয়েছে।

দর্শনা থানার ওসিকে প্রেসক্লাবের শুভেচ্ছা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান কাজল চতুর্থ বারের মতো চুয়াডাঙ্গা জেলার শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ হিসেবে মনোনীত হওয়ায় দর্শনা প্রেসক্লাবে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়েছে।

গতকাল সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে দর্শনা প্রেসক্লাবের নিজস্ব হলরুমে তাকে ফুলের শুভেচ্ছা জানানো হয়। গত শনিবার চুয়াডাঙ্গা পুলিশ লাইনের গ্রীল সেটে মাসিক কল্যাণ সভা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জুলাই ও আগস্ট ২০২০ মাস সহ আগামী দিনগুলোতে ও এই সফলতা ধরে রাখার জন্য চুয়াডাঙ্গা জেলার মানবিক পুলিশ সুপার জনাব মোঃ জাহিদুল ইসলাম ওসি মাহবুবুর রহমান কাজল অফিসার ইনচার্জ দর্শনা থানা এর হাতে উপহার হিসেবে ক্রেস্ট এবং নগদ ২০,০০০ টাকা এবং সম্মাননা সার্টিফিকেট তুলে দেন।

শুভেচ্ছা অনুষ্ঠানটি দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্হিত ছিলেন চারবারের শ্রেষ্ঠ মনোনীত দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান কাজল।

বিশেষ অতিথি ছিলেন দর্শনা থানার ওসি (তদন্ত) শেখ মাহবুবুর রহমান ছিলেন দর্শনা প্রেসক্লাবের সেক্রেটারি আওয়াল হোসেন, মাই টিভির

চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি ইকরামুল হক পিপুল, মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা ব্যুারো প্রধান আহসান হাবীব মামুন, হারুন আর রশিদ রাজু,হানিফ মন্ডল, জাহিদুল ইসলাম, সুমন,মেহেদি হাসান,রয়েল,আব্দুর রহমান অনিক,আব্দুল হান্নান,বাধন,রিফাত, কচি, আফজালুল হক বাদল, ফরহাদ হোসেন সহ দর্শনা প্রেসক্লাবের সকল সাংবাদিক বৃন্দ।

গাংনীতে গাঁজাসহ দু মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে গাঁজা সহ দু মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

গতকাল সোমবার বিকাল সাড়ে ৫ টায় উপজেলার কল্যানপুর কালিতলা এলাকা থেকে তাদের আটক করে গাংনী থানার এস আই এস এম তারিকুজ্জামান।

আটককৃতরা হলেন,দেবীপুর গ্রামের বয়েন বিশ্বাসের ছেলে মইনুদ্দীন
(৪৬) ও ঝোড়াঘাট গ্রামের নুরুল হুদার ছেলে মিজানুর রহমান (৫২)।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,একটি মটরসাইকেল যোগে মাদক পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে পুলিশ সুপার এস এম মুরাদ আলীর নির্দেশে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। পরে তাদের কাছ থেকে ১শ’গ্রাম গাঁজা উদ্ধার ও একটি সিডিআই মটরসাইকেল জব্দ করা হয়।

এস আই এস এম তারিকুজ্জামান জানান, আটকৃতরা পেশায় মাদক ব্যবসায়ী। তারা সিমান্ত এলাকা থেকে মাদক এনে বিভিন্ন এলাকায় সরবরাহ করতো। তাদের নামে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে। মঙ্গলবার সকালে আদালতে সেপার্দ করা হবে।

গাংনীতে বিধবা নারীকে যৌন নির্যাতনের চেষ্টা মামলায় আটক ১

মেহেরপুরের গাংনীতে বিধবা এক নারীকে যৌন নির্যাতনের চেষ্টার অভিযোগে ইন্তাজ আলী নামের এক ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

রবিবার রাতে ঐ বিধবা নারী বাদী হয়ে তার নামে গাংনী থানায় মামলা দায়ের করেন। মামলায় ইন্তাজ আলীকে আটক করেছে পুলিশ। ইন্তাজ আলী মটমুড়া ইউনিয়নের হোগলবাড়িয়া ফকির পাড়ার ইসমাইল হোসেনের ছেলে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,গত ১৮ সেপ্টেম্বর শুক্রবার মধ্যে রাতে হোগলবাড়িয়া ফকির পাড়ার জনৈক্য এক বিধবা মহিলার ঘরে প্রবেশ করে তাকে যৌন নির্যতনের চেষ্টা করে ইন্তাজ আলী। এ ঘটনায় ঐ মহিলা বাদী হয়ে তার নামে মামলা দায়ের করেছে। মামলা নং ১১ তাং ২০.০৯.২০২০ ইং।

মামলার আসামী ইন্তাজ আলীকে আটক করে মেহেরপুর আদালতে সোপর্দ করা হয়। আদালত তার জামিন না মঞ্জুর করে জেল হাজতে প্রেরনের নির্দেশ দেন।

আলমডাঙ্গায় ক্যাপ্টেন শাহীনের স্মরনসভা করলো ‘ব্লুজম গার্ডেন’

আলমডাঙ্গায় অকাল প্রয়াত মেরিন ইঞ্জিনিয়ার ক্যাপ্টেন শাহীনুল ইসলাম শাহীনের স্মরণসভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে শহরের থানাপাড়া কমিউনিটি সেন্টারে মরহুম শাহীনের এসএসসি ব্যাচ- ১৯৮৭’র বন্ধুদের গড়া বন্ধু সংগঠন ‘ব্লুজম গার্ডেন’

স্মরণসভা ও মিলাদ মাহফিলের আয়োজন করে। অনুষ্ঠানে মরহুম শাহীনের বড় ভাই ও সংগঠনের বন্ধু-বান্ধবীরা উপস্থিত ছিলেন।

বন্ধু সংগঠন ব্লুজম গার্ডেনের সভাপতি আনোয়ার হোসেনের সভাপতিত্বে স্মরণসভায় প্রধান অতিথি ছিলেন প্রয়াত শাহীনের বড় ভাই শহিদুল ইসলাম। তিনি স্মরণসভায় তার ছোটভাই শাহীন সম্পর্কে বলতে গিয়ে কান্নায় ভেঙ্গে পড়েন। কান্নায় ভেঙ্গে পড়েন শাহীনকে স্মরন করতে যাওয়া তার বাল্যবন্ধু ব্লুজম গার্ডেনের সাধারন সম্পাদক মনিরুজ্জামান মনিও।

স্মরণসভায় একে একে বন্ধুরা অকালে হাঁরিয়ে যাওয়া তাদের বন্ধু শাহীনকে নিয়ে স্মৃতিচারণ করতে থাকেন। স্কুল-কলেজে শাহীনকে নিয়ে আনন্দ-বেদনার গল্প বলতে গিয়ে সব বন্ধুদেরই অশ্রুসজল হয়ে ওঠে। সেদিনের কলেজ ক্যাম্পাসের উচ্ছল তরুন শাহীন সবাইকে ফেলে অকালেই না ফেরার দেশে চলে গেছেন। এটা মানতে বন্ধুদের খুব বেশী কষ্ট হয়। সব বন্ধুদের স্মৃতিচারনে ঘূরেফিরে তাদের সেই কষ্টের কথাই বারেবারে উঠে আসে।

উল্লেখ্য, ব্লুজম গার্ডেনের অন্যতম বন্ধু ক্যাপ্টেন শাহীনুল ইসলাম শাহীনের কর্মজীন ছিল সাগর-মহাসাগনের অথৈই জলে। তিনি এ জাহাজ সে জাহাজে করে ঘুরে বেড়াতেন পৃথিবীর এ প্রান্ত থেকে ওপ্রান্তে। পৃথিবীর দিকদিগন্ত ঘুরে চলতি সালের ১৭ এপ্রিল সাগরের বুকে জাহাজেই তিনি স্ট্রোক করে অকালে প্রাণ হারান। ব্লুজম গার্ডেন হারায় এক অকৃত্রিম বন্ধু।

হাসাদাহ প্রেসক্লাবের উদ্দ্যোগে তালের বীজ রোপণ

জীবননগর উপজেলার হাসাদাহ প্রেসক্লাবের উদ্দ্যেগে হাসাদাহ তালপুকুর নামক স্থানে রাস্তার দুই পাশে তালের বীজ রোপণ করা হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ডি.এম. মতিয়ার

রহমান, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, সহ-সভাপতি সামছুল আলম , কোষাধাক্য বদরুজ্জামান শ্যামল, যুগ্ন সাধারণ সম্পাদক মুন্সি কবির হোসেন, দপ্তর ও প্রচার সম্পাদক আল আমিন, নির্বাহী সদস্য কবির আহম্মদ, বিপলুর রহমান, লিমন হোসেন।

আরো উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা আব্দুর রহমান, সাকিল আহমেদ, রুমন খান এবং এলাকার আরো অনেকেই ।

উপস্থিত সকলেই বলেন, তাদের এই তাল বীজ রোপণের কাজ অব্যাহত থাকবে।

জীবননগরে স্কুল ছাত্রীসহ দুইজনকে পিটিয়ে জখম

জীবননগরে পূর্বশত্রুতার জের ধরে বসত বাড়িতে হামলা এবং স্কুল ছাত্রীসহ দুইজনকে পিটিয়ে জখম করার অভিযোগ উঠেছে। গত রবিবার রাতে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের হরিপুর গ্রামে এ ঘটনা ঘটেছে ।

আহতরা হলে হরিপুর গ্রামের কিনার উদ্দিনের ছেলে রতন (২২) , কিনার উদ্দিনের মেয়ে ৯ম শ্রেনির ছাত্রী রত্না খাতুন (১৫)।

আহত রতন হোসেন অভিযোগ করে বলেন, পাশের বাড়ির আয়ুব আলীর ছেলে জালালের বাড়ির সমস্ত ময়লা আবর্জনা আমাদের বাড়ির মধ্যে ফেলে, আমি তাদের নিষেধ করলে জালাল তার ভাই দুলাল ও সালাল, লাটি ও দেশীয় হাসুয়া নিয় আমাদের বাড়িতে এসে টিনের ঘরে কোপ মারে এবং আমাকে মারধর করে।

এ সময় আমার বোন ঠেকাতে এলে তাকেও মারধর করে। এক পর্যায়ে স্থানীয় জনগণ ছুটে আসলে তারা পালিয়ে যায়।

এ ব্যাপারে জালাল উদ্দিন বলেন, আমি কাউকে মারধর করিনি, আমার বিরুদ্ধে যারা অভিযোগ করেছে তা সম্পন্ন মিথ্যা । বরং তারা আমাদের উপর হামলা করেছে।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, হরিপুর গ্রামে যে ঘটনা ঘটেছে এ বিষয়ে উভয় পক্ষ থানায় অভিযোগ করেছে, ঘটনাটি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে ।